গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৩

**চাঁপাইনবাবগঞ্জে বিশ্ব জনসংখ্যা দিবস উদ্‌যাপিত**

রাজশাহী, ৩০ আষাঢ় (১৪ জুলাই):

ন্যায্য ও সম্ভাবনাময় বিশ্বে পছন্দের পরিবার গড়তে প্রয়োজন তারুণ্যের ক্ষমতায়ন- এই প্রতিপাদ্যকে সামনে রেখে আজ (১৪ জুলাই) সারাদেশের ন্যায় চাঁপাইনবাবগঞ্জেও উদ্‌যাপিত হয়েছে বিশ্ব জনসংখ্যা দিবস। ১১ জুলাই বিশ্ব জনসংখ্যা দিবস হলেও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের কেন্দ্রীয় সিদ্ধান্তের আলোকে চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা দপ্তর আজ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ উপলক্ষ্যে এক আলোচনা সভার আয়োজন করে।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মো. আব্দুস সামাদ। পরিবার পরিকল্পনা দপ্তরের উপপরিচালক শুকলাল বৈদ্যের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিভিল সার্জন ডা. এ কে এম শাহাব উদ্দিন এবং সদর উপজেলা নির্বাহী অফিসার মো. নুরুল ইসলাম।

সভায় বক্তাগণ বলেন, পরিবার পরিকল্পনা বিভাগ জনসংখ্যাকে জনসম্পদে পরিণত করতে কাজ করে যাচ্ছে। এই সম্পদ যেনো অভিশাপে পরিণত না হয় সেজন্য পারিবারিক, সামাজিকসহ সকল ক্ষেত্রের সচেতনতা প্রয়োজন।

তাঁরা আরও বলেন, তরুণরা সব করতে পারে। তারা যে ভালো করতে পারে তার অনন্য উদাহরণ জুলাই গণঅভ্যুত্থান আর আজকের বাংলাদেশ। আবার খারাপ যে করতে পারে তা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ছাত্র আবরার হত্যায় আমরা দেখেছি। এসময় বক্তাগণ তরুণদের ক্ষমতায়নের উপর গুরুত্বারোপ করেন।

আলোচনা সভায় সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, ছাত্র সমন্বয়ক, শিক্ষক এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে পরিবার পরিকল্পনায় বিশেষ অবদানের জন্য জেলা পর্যায়ে ৪জন কর্মী ও ৫টি প্রতিষ্ঠানকে সনদপত্র ও ক্রেস্ট প্রদান করা হয়।

..............................................................................

তৌহিদ/আতিক/স্মিতা/হালিম/২০২৫/১৭:০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd